

ইকোক্রিটিসিজম ও বাংলা সাহিত্য



সংকলন ও সম্পাদনা
সুশান্ত মণ্ডল

ECOCRITICISM O BANGLA SAHITYA : A Collection of Articles
on various aspects of Ecocriticism
Edited by Susanta Mondal
Published by Debarati Mallik
Diya Publication : 44/1-A Beniatola Lane, Kolkata 700009

গ্রন্থস্বত্ব : সুশান্ত মণ্ডল

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া কোনও উপায়েই এই গ্রন্থের
কোনও অংশের কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না।
এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

ECOCRITICISM O BANGLA SAHITYA : A
Collection of Articles on various aspects
of Ecocriticism

by *Susanta Mondal*

Published by
Diya Publication, 44/1A Beniatola Lane, Kolkata-700009
Phone : 6291811415/9830444918
e-mail : diyapublication@gmail.com
Website : www.diyapublication.com
facebook : দিয়া পাবলিকেশন কলকাতা

ISBN : 978-93-87003-38-5

প্রথম প্রকাশ : জানুয়ারি, ২০২১

মূল্য ৪০০/-

শ্যামল গঙ্গোপাধ্যায়ের কথাসাহিত্যে প্রকৃতি ও পরিবেশ/আরিফ শেখ
২৫১

ইকোক্রিটিসিজম ও বিনয় মজুমদার/শ্যামশ্রী বিশ্বাস সেনগুপ্ত
২৫৮

বুদ্ধদেব গুহর 'শালডুংরি' : ইকোক্রিটিসিজমের আলোকে/পবিত্র কুমার মিত্তী
২৬৩

বাস্তুতন্ত্রবাদ (ইকোক্রিটিসিজম) এবং প্রসঙ্গত ভগীরথ মিশ্রের উপন্যাস/হাসনুহেনা
২৭১

পরিবেশকেন্দ্রিক সাহিত্য-সমালোচনা ও স্বপ্নময় চক্রবর্তী'র গল্পবিশ্ব/বিকাশ রায়
২৮২

কিন্নর রায়ের 'প্রকৃতি পাঠ' : চিন্তনের নবনির্মাণ/নুনম মুখোপাধ্যায়
২৯৬

ইকোক্রিটিসিজম : কিন্নর রায়ের (নির্বাচিত) ছোটগল্প/মহাদেব মণ্ডল
৩০৩

ইকোক্রিটিসিজমের নিরিখে সোহারাব হোসেনের উপন্যাস—
'মাঠ জাদু জানে'/তম্বী হালদার
৩১২

ইকোফিকশনের আলোকে অনুপম দত্তের 'বোঙরুম
নাচ ও শকুন কথা'/গিরিধারী মণ্ডল
৩১৬

পরিবেশ ভাবনা : যুধান কথা ও কয়েকটি গল্প/সুকান্তি দত্ত
৩২১

'কাস্তে' উপন্যাস অবলম্বনে মহারাষ্ট্রের সাম্প্রতিক ইতিহাসে
'দুষ্কালে'র প্রেক্ষিত অনুসন্ধান/সৌরভ বাঁক
৩২৭

সংকটের প্রেক্ষাপটে সুন্দরবনের জল-জঞ্জালজীবী/শঙ্করকুমার প্রামাণিক
৩৩৮

কিন্নর রায়ের 'প্রকৃতি পাঠ' : চিন্তনের নবনির্মাণ নুনম মুখোপাধ্যায়

'ইকোক্রিটিসিজম' আপাত অনামা একটি শব্দ। বাংলা সাহিত্যের ধারায় এর বিস্তৃতি আদ্যন্ত আধুনিক। সৃষ্টির আদিলগ্ন থেকেই মানুষ, প্রকৃতি ও পরিবেশের দ্বারা বেষ্টিত। প্রকৃতি, যা স্বয়ংসিদ্ধা, স্বয়ত্ব। অপরদিকে পরিবেশ, যা খানিকটা চেষ্টাকৃত। যা কিছু চেষ্টাকৃত, মানবমনের স্বকপোলকল্পিত তাই যখন প্রকৃতির অন্তরায় হয়ে দাঁড়ায় তখনই বিদ্বিত হয় শৃঙ্খল। মানুষ, জীবজন্তু, পশুপাখি, পৃথিবীর সজীব ও নির্জীব সম্পদ, যা কিছুর মধ্যে প্রাণের স্পন্দন আছে সকলেই নির্দিষ্ট কিছু বাস্তুতন্ত্রের অধীন। খাদ্য-খাদক শৃঙ্খলে বন্দ। মানুষ তার প্রয়োজনে গাছ কেটেছে, প্রাণীহত্যা করেছে, পুকুর ভরাট করেছে, বহুতলে ভরে উঠেছে শহরাঞ্চল, নিশ্চিহ্ন করেছে সবুজ বনানী। হারিয়ে গেছে বহু কীট-পতঙ্গ, পশু-পাখির প্রজাতি, এমনকি হাড়গিলে, শকুন, চিলেরাও। এক জগতের নিরন্তর হারিয়ে যাওয়ার সমানুপাতে অন্য জগতে পাল্লা দিয়ে বেড়েছে দূষণ।

মানুষের নির্মীয়মাণ আধুনিক পরিবেশে নাভিশ্বাস ওঠা বিলীয়মান প্রকৃতি এবং প্রাণীজগতের প্রতি প্রথম সচেতনতার দৃষ্টি পড়ল ঊনবিংশ শতাব্দীর শেষ ভাগে, যখন বিজ্ঞানচর্চার একটি শাখা হিসেবে 'ইকোলজি'কে জনসমক্ষে আনলেন Ernest Haeckel (১৮৬৬ খ্রি)। এরপরই বিভিন্ন সভা-সমিতি-সম্মেলনে বারবার উঠে আসতে লাগল পরিবেশগত সমস্যা, সচেতনতা, পরিবেশের বিপদ এবং পরিবেশ রক্ষার জন্য বিবিধ চিন্তা, উদবেগ, সতর্কীকরণ বিধি ও আন্দোলনগুলি। যার ফলাফল স্বরূপ বিভিন্ন দেশে সংঘটিত পরপর তিনটি বিশ্ব পরিবেশ সম্মেলনে পরিবেশ সংরক্ষণের বিষয়টি 'গ্লোবাল এজেন্ডা' হিসাবে উঠে আসে।

'ইকোক্রিটিসিজম' শব্দটি প্রথম ব্যবহৃত হয় William Rueckert রচিত 'Literature and Ecology : An Experiment in Ecocriticism' (১৯৭৮ খ্রি) নামক প্রতিবেদনটিতে। সাহিত্য সমালোচনার নতুন ধারা রূপে 'ইকোক্রিটিসিজম' প্রতিষ্ঠা লাভ করে 'Association for the Study of Literature and Environment' (ASLE) সংস্থার যুগ্ম প্রতিষ্ঠাতা Cheryll Glotfelty-র হাত ধরে। এই সময় থেকেই Eco-Text এর জনপ্রিয়তা। 'ইকোক্রিটিসিজম'র সংজ্ঞা নিরূপণ করে Cheryll Glotfelty লিখেছেন—
"Ecocriticism is the study of the relationship between literature and the physical environment."